



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-৩৯.০০.০০০০.০১২.০০২.০৭.২০-

তারিখ : ০৫ ফাল্গুন ১৪২৬  
১৮ ফেব্রুয়ারি ২০২০

### বিজ্ঞপ্তি


[ বিজ্ঞান ও প্রযুক্তি সচেতন জনগণ বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়নের ভিত্তি ]

বিষয়ঃ ২০২০-২১ অর্থবছরে বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন/প্রতিষ্ঠানসমূহকে অনুদান প্রদানের জন্য আবেদন আহ্বান।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক ২০২০-২১ অর্থবছরে বিজ্ঞানসেবী সংস্থা বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন/প্রতিষ্ঠানসমূহকে অনুদান প্রদানের জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে।

#### ২। শর্তাবলিঃ

- (১) একটি সংগঠন/প্রতিষ্ঠান/সংস্থা কেবল একটি আবেদন দাখিল করতে পারবে। আবেদন ফরম মন্ত্রণালয়ের ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে।
  - (২) প্রযোজ্যমত সভাপতি/চেয়ারম্যান অথবা সাধারণ সম্পাদক/মহাসচিব পরিচয়ে প্রতিষ্ঠানের পক্ষে আবেদন দাখিল করতে হবে। সরকারি অনুদানের অর্থ ব্যয়ের সকল দায়দায়িত্ব আবেদনকারীর উপর বর্তাবে।
  - (৩) কেবল এক অর্থবছরে বাস্তবায়নযোগ্য প্রস্তাব দাখিল করতে হবে।
  - (৪) নির্ধারিত চারটি ক্ষেত্র যথা - জীব, চিকিৎসা ও পুষ্টি বিদ্যা / ফলিত বিজ্ঞান ও প্রকৌশল / ভৌত বিজ্ঞান / কৃষি ও পরিবেশ বিজ্ঞান বিষয়ে জনগণের বিজ্ঞান সচেতনতা বাড়ানোর উদ্ভাবনী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।
  - (৫) বিজ্ঞানসেবী সংস্থা বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন / প্রতিষ্ঠান বলতে বুঝাবে-
    - (ক) বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন হিসেবে সুপরিচিত;
    - (খ) বিজ্ঞান বিষয়ক এলামনি সংগঠন হিসেবে সুপরিচিত;
    - (গ) বিধিবদ্ধ সংস্থার রেজিস্ট্রেশন প্রাপ্ত বিজ্ঞানসেবী সংস্থা/ প্রতিষ্ঠান।
  - (৬) অনুদানের পরিমাণ সর্বাধিক এক লক্ষ টাকা।
  - (৭) অনুদান প্রাপ্ত হলে, ৩০০ টাকার নন-জুডিসিয়াল স্টাম্পে নির্ধারিত বাক্যসম্বলিত হলফনামা প্রদান করতে হবে।
  - (৮) অনুদানের অর্থ দ্বারা কী কী কাজ, কখন ও কোথায় বাস্তবায়ন করা হবে তা আবেদনপত্রের 'ছ' নম্বর অনুচ্ছেদে পরিষ্কারভাবে উল্লেখ করতে হবে।
  - (৯) প্রতিষ্ঠান যে উপজেলায় অবস্থিত সেখানকার ইউএনও/ উপজেলা শিক্ষা কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট রেজিস্ট্রারকে আবেদন পত্রের 'ছ' নম্বর অনুচ্ছেদে প্রস্তাবিত কার্যাবলী অবহিত করে তার নিকট হতে গৃহীত নির্ধারিত ফরমেটে সুপারিশপত্র সংযুক্ত করতে হবে। সুপারিশপত্র প্রদানকারি কর্মকর্তার মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
  - (১০) সংগঠন, সংস্থা/ প্রতিষ্ঠানের যোগ্যতা-
    - (ক) সংস্থা/ প্রতিষ্ঠানের নিবন্ধন/স্বীকৃতির প্রমাণ সংযুক্ত করতে হবে।
    - (খ) বিজ্ঞানের প্রধান ০৪টি শাখায় [যথা- জীব বিজ্ঞান, চিকিৎসা ও পুষ্টি বিজ্ঞান/ফলিত বিজ্ঞান ও প্রকৌশল /ভৌত বিজ্ঞান/কৃষি ও পরিবেশ বিজ্ঞান] জনসচেতনতামূলক কাজের [র্যালি/ওয়ার্কশপ/সেমিনার ইত্যাদি] করার প্রমাণ সংযুক্ত করতে হবে।
  - (১১) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় হতে ২০১৯-২০ অর্থবছরের অন্য কোন অনুদান গ্রহণ করলে এ অনুদানের যোগ্য হবেন না।
- ৩। আবেদনপত্র ডাকযোগে (অধিশাখা-১২, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, কক্ষ নং ৯১৯, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০) প্রেরণ করতে হবে। মন্ত্রণালয়ে আবেদন পৌঁছানোর শেষ তারিখ ৩০ মার্চ, ২০২০।
- ৪। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় আবেদনের সময়সীমা ও শর্তাবলি পরিবর্তন বা অনুদান ব্যবস্থাপনার স্বার্থে যে কোন নতুন শর্ত আরোপ করার অধিকার রাখে।

  
১৬/২/২০২০

(মোঃ রবিউল ইসলাম)

যুগ্মসচিব

ফোনঃ ৯৫৪০৩৪৮

E-mail: section12@most.gov.bd